

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ

তারিখ: ১০/৮/২০২১খ্রি.

নম্বর- ৪৭.৬১.৬১১৩.০০০.০৬.০২৫.১৭


অফিস আদেশ

সূর্যের আলো সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিমিটেড, রেজি:নং-২০৭, তারিখ: ০১/১১/২০১১খ্রি; নিবন্ধিত ঠিকানা-গ্রাম: পীচগাঁও, ডাক: আংগারগাড়া, ভালুকা, ময়মনসিংহ এর ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় উক্ত সমবায়ের ব্যবস্থাপনা নির্বাহ ও নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন ২০০২ ও ২০১৩) এর ১৮ (৫) ধারায় সরকারী কর্মচারীগণের সমন্বয়ে নিম্নোক্ত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ প্রদান করা হলো :

ক্রম নং	নাম ও পদবী	ঠিকানা	কমিটিতে পদবী
০১	জনাব মোঃ আঃ মোতালেব তরফদার, সহকারী পরিদর্শক	উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ	সভাপতি
০২	জনাব মোঃ মনজুরুল হক, সহকারী পরিদর্শক	উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ	সদস্য
০৩	জনাব নিশাদ মিয়া, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ	সদস্য

গঠিত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ সমবায় অধিদপ্তরের সার্কুলার নং-১৩৬/১(১৩), তারিখ:-০২/০৯/২০২০খ্রি. মোতাবেক নিয়োগের তারিখ হতে ১২০(একশত বিশ) দিন বলবৎ থাকবে। অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটিকে সমিতির দৈনন্দিন কার্যক্রম পরিচালনাসহ মেয়াদ কালের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করে নির্বাচিত কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, উক্ত সমিতির আদায়কৃত শেয়ার মূলধন ৫০০০০/- (পঞ্চাশ) হাজার টাকার নিম্নে।



আবু মুহাম্মদ জাকারিয়া
উপজেলা সমবায় অফিসার (চ: দা):
ভালুকা, ময়মনসিংহ।

তারিখ: ২৪/০৮/২০২১খ্রি.

নম্বর- ৪৭.৬১.৬১১৩.০০০.০৬.০২৫.১৭-১৯৫(০৫)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

- ০১। জনাব মোঃ আঃ মোতালেব তরফদার, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ ও সভাপতি, অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, সূর্যের আলো সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ। তাকে উক্ত সমবায়ের দায়িত্বভার গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ০২। জনাব মোঃ মনজুরুল হক, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ ও সদস্য, সূর্যের আলো সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।
- ০৩। জনাব নিশাদ মিয়া, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ ও সদস্য, সূর্যের আলো সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ।
- ০৪। জনাব মোঃ নুরুল ইসলাম, সভাপতি (মেয়াদোত্তীর্ণ), ব্যবস্থাপনা কমিটি, সূর্যের আলো সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ। তাকে উক্ত সমবায়ের দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হল।
- ০৫। জেলা সমবায় অফিসার, ময়মনসিংহ (মহোদয়ের সদয় অবগতির জন্য)।


আবু মুহাম্মদ জাকারিয়া
উপজেলা সমবায় অফিসার (চ: দা):
ভালুকা, ময়মনসিংহ।